

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,  
হিসাব শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mowca.gov.bd](http://www.mowca.gov.bd)

বিষয়ঃ উপ-পরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ এর পরিদর্শন প্রতিবেদন।

কর্মকর্তার নাম ও পদবী : মো: সেলিম রেজা চৌধুরী, হিসাব রক্ষণ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সরেজমিনে পরিদর্শনের তারিখঃ ১০/০৪/২০২৩

সময়ঃ সকাল ৯:৩০ হতে ১১:৪৫ মিনিট পর্যন্ত

সরেজমিনে পরিদর্শনকালীন পরিলক্ষিত বিষয়সমূহ :

**কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পঃ**

অফিস পরিদর্শনকালে দুইজন ফিল্ড সুপারভাইজার রউপস্থিত ছিলেন। ফিল্ড সুপারভাইজার মোঃ জহরুল ইসলাম প্রকল্পের সার্বিক দিক তুলে ধরেন। সদরে ১৫ টি ক্লাব চালু আছে। ক্লাব সদস্যের নিয়মিত পুষ্টিকর নাস্তা প্রদান করা হয়। জেলায় মোট ৪৯ টি ক্লাব আছে। দুই জন ফিল্ড সুপারভাইজারের পক্ষে এতোগুলো ক্লাব মনিটরিং করা কষ্টসাধ্য এবং তাদের জন্য একটি মাত্র বাইক আছে। ক্লাব কোঅর্ডিনেটরদের বর্তমানে কোন সম্মানী প্রদান না করায় তারাও ক্লাবে কোন সহযোগিতা করেন না। ক্লাব সমূহের সরকারি ছুটির দিন সরকারি প্রাথমিক স্কুলে পরিচালিত হয়। ঐ সকল স্কুলের অফিস সহায়কের কোন সম্মানী বরাদ্দ না থাকায় তারা ক্লাব কার্যক্রমে অসহযোগিতা করে। প্রকল্পের বরাদ্দ ও রেজিস্টার যাচাই করা হয়। সবকিছুই হালনাগাদ পাওয়া যায়।

**সুপারিশঃ**

- ১। সুপারভাইজারদের বসার চেয়ার-টেবিল, কম্পিউটার এবং তাদের অফিসিয়াল কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুষঙ্গিক খাতে বরাদ্দ প্রয়োজন।
- ২। ক্লাব কো-অর্ডিনেটরদের সম্মানীর ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালকের কাছে সুপারিশ করা হলো।
- ৩। সরকারি প্রাথমিক স্কুলে ক্লাবসমূহ পরিচালিত তহয়, এ সকল স্কুলের অফিস সহায়কদের সম্মানীর ব্যবস্থা করার জন্য প্রকল্প পরিচালকের কাছে সুপারিশ করা হলো।



মোঃ সেলিম রেজা চৌধুরী  
হিসাব রক্ষণ কর্মকর্তা / ডি, ডি, ও  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।